



রোজস্‌দ্রারের কাযালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৮৭৭-৭৭৩৯৩৯, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭

web: <https://bu.ac.bd>, e-mail: registrar@bu.ac.bd



স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/বোর্ড বৃত্তি/২০১৯-২০/৪৭৯/২১৭৫


তারিখ: ০৫ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

নোটিস

এতদ্বারা সংশ্লিষ্ট চেয়ারম্যানগণকে জানানো যাচ্ছে যে, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের এইচ. এস. সি./সমমান ফলাফলের ভিত্তিতে বিভিন্ন শিক্ষা বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী যারা গত ১৪/০৬/২০২০ ও ২০/০৭/২০২০ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর কর্তৃক নির্ধারিত এক্সেল ছকটি পূরণ করে জমা প্রদান করেনি তাদেরকে আগামী-২৪/০৮/২০২০ তারিখের মধ্যে উক্ত এক্সেল ছকটি বোর্ড বৃত্তির গেজেটের উল্লিখিত ক্রমিক নং সহ পূরণ করতে হবে। এছাড়া ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা গত ২০/০৭/২০২০ তারিখের মধ্যে তথ্য প্রদান করতে ব্যর্থ হয়েছে তাদেরকেও নিজ নামে ব্যাংক একাউন্ট খুলে ব্যাংকের হিসাব নম্বর উল্লেখপূর্বক এক্সেল তথ্য ছক পূরণ করে ২৪/০৮/২০২০ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যানগণের নিকট পৌছাতে হবে। অতঃপর প্রেরণকৃত শিক্ষার্থীদের তথ্যাদি বিভাগ কর্তৃক একত্রিত করে একটি এক্সেল ফাইল তৈরী করে উক্ত ফাইলটির একটি হার্ড কপি বিভাগীয় চেয়ারম্যানগণ তাদের স্বাক্ষর প্রদানপূর্বক রেজিস্ট্রার বরাবর আগামী ২৭/০৮/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করবেন এবং একটি সফটকপি এই academicsection30@gmail.com ঠিকানা ই-মেইল করবেন মর্মে অনুরোধ করা হলো।

উল্লেখ্য ইতিপূর্বে যারা নির্ধারিত এক্সেল ছকটি পূরণ করে পাঠিয়েছে তাদেরকে নতুন করে তথ্য পাঠাতে হবে না। নির্ধারিত তারিখের মধ্যে তথ্য প্রদানে ব্যর্থ হলে ২০১৯-২০ অর্থ বছরের বৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে অনিশ্চয়তা সৃষ্টি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



(অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল বিশ্ববিদ্যালয়।

সংযুক্তি:

১। ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের এইচ. এস. সি./সমমান পাসকৃত শিক্ষার্থীদের মধ্যে গত ১৪/০৬/২০২০ ও ২০/০৭/২০২০ তারিখে তথ্য প্রদানে ব্যর্থ হওয়া শিক্ষার্থীদের নামের তালিকা।

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/বোর্ড বৃত্তি/২০১৯-২০/৪৭৯/২১৭৫

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। এসিস্ট্যান্ট প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৫। সংশ্লিষ্ট নথি।